দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 OCT 2016 ...
পৃষ্ঠা ১৩ ... কলাম ... ৬ ...

# আজ বাকৃবির স্নাতক ভর্তি পরীক্ষা

■ বাকৃবি (ময়মনসিংহ) সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের (লেভেল-১, সেমিস্টার-১) ভর্তি পরীক্ষা আজ সকাল ১১টায় শুরু হবে।

এবারের ওই ভর্তি পরীক্ষায় ১২০০ আসনের বিপরীতে ১২ হাজার ২৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের ভর্তি তথ্য সেল। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করেছিলেন প্রায় ৩৩ হাজার ২ শত ২১ জন শিক্ষার্থী। প্রাথমিক বাছাই শেষে প্রতি সিটের বিপরীতে প্রায় ১০ জন শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হচ্ছে। ১৬টি কেন্দ্রে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। নবীন শিক্ষার্থীদের সহযোগিতায় এগিয়ে এসেছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠন, ছাত্র সমিতি, জেলা ভিত্তিক সমিতি।

এদিকে যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রক্টর অধ্যাপক ড. এ.কে. এম জাকির হোসেন।